

কার্কলীস কাউন্সিল, এবং এই কাউন্সিল পরিসীমার মধ্যে অবস্থিত বিভিন্ন টাউন ও গ্রামে বসবাস করছে বিভিন্ন সংস্কৃতি ও ধর্মীয় ভাবধারার লোক, অর্থাৎ এটি একটি আন্তর্জাতিক সমাজ।

সব মিলে আমাদের সমাজে রয়েছে বহু গুণ, দক্ষতা এবং মেধার অধিকারী ব্যক্তিবর্গ যারা কিনা কার্কলীস এলাকাকে করেছে সমৃদ্ধ, এটাই আমাদের সব জেলার চালিকা শক্তি এবং এসবের ফলে এই এলাকায় বসবাস করা, কাজ করা এবং খেলাধুলা করা সবচেয়ে আনন্দের।

শত শত, হাজার হাজার পরিবার বংশ পরম্পরায় এই এলাকায় বসবাস করে আসছে, তাছাড়া অনেক পরিবার পৃথিবীর বিভিন্ন দেশ থেকে এসে কার্কলীস এলাকাতে তাদের বাসস্থান করে নিয়েছে, সামাজিক জীবনের সাথে খাপ খাইয়ে নিয়েছে, এবং আমাদের সমাজ গড়ার জন্য তারা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা ও অবদান রেখে যাচ্ছে। অনেকেই এই এলাকায় দীর্ঘ দিন যাবৎ পরিবার পরিজন সহ বসবাস করে আসছে, এবং তাদের পরিবারের দ্বিতীয়, তৃতীয় বংশ ধর ও তাদের বাচ্চা কাচ্চা এখানে জন্ম নিচ্ছে এবং বড় হচ্ছে।

কাউন্সিল এবং তার সকল অঙ্গ সংস্থা সমাজের সবার একত্রে মিলেমিশে কাজ করা, সবাই একত্রে সফলতার জন্য উৎসব উদযাপন এবং একে অপরের কাছ থেকে সমাজ গড়ার বিভিন্ন পদ্ধতি শিক্ষা দেয়া নেয়ার মাধ্যমে সামাজিক জীবন যাপনের মান উন্নয়ন করার ব্যাপারে অত্যন্ত গুরুত্ব প্রদান করে থাকে।

কাউন্সিল এর নিজেদের মান মর্যাদা এবং মূল কর্ম কৌশল এর মধ্যেও এর উপর গুরুত্ব আরোপ করা হয়েছে এবং সমাজের সবার জন্য উন্নত সার্ভিস ও সাহায্য প্রদানের ব্যাপারে প্রতিশ্রুতি প্রদান করেছে এবং বিশেষ করে যারা আমাদের এই সমাজের পরিপূরক অংশে পরিণত হয়েছে তাদের প্রতি সহায়তার প্রতিশ্রুতি প্রদান করেছে।

আমাদের সফলতা নির্ভর করে আসছে এবং ভবিষ্যতেও নির্ভর করবে আমরা কিভাবে বহু মূখী দক্ষতার মূল্যায়ন করে আমাদের বলিষ্ঠ এবং একে অপরের প্রতি সহনশীল হয়ে আমরা সবাই অংশী দারিত্বের মাধ্যমে কিভাবে সমাজ গঠনে একে অপরের সহায়তায় এগিয়ে আসি তার উপর। কার্কলীস এলাকায় আমরা সম্ভাবনাময়ী জনগনের অবদান আরও বলিষ্ঠতার সাথে কাজে লাগিয়ে আমরা স্থানীয় এবং বৃহত্তর কার্কলীস কমিউনিটিকে সহায়তা করে থাকি।

স্বন্দর, স্বঠাম, বলিষ্ঠ, অর্থনৈতিক ভাবে সমৃদ্ধ, স্বস্থ এবং সমৃদ্ধ সাংস্কৃতিক পরিবেশ বজায় রাখার জন্য কার্কলীস এলাকার প্রতিটি ব্যক্তি বর্গের ভূমিকার প্রতি সমান গুরুত্ব প্রদান করা, কাজেই - কার্কলীস এর মূল দর্শন হলো ‘সবাই একত্রে মিলে কাজ করা’।